# কমপিউটার জগতের খবর

## বিশ্বে মডেল হিসেবে প্রতিষ্ঠা পেয়েছে এটুআই

*কমপিউটার জগৎ রিপোর্ট* ॥ তথ্যপ্রযুক্তির উন্নয়নে বিশ্বব্যাপী এটুআইয়ের কার্যক্রম এখন মডেল হিসেবে স্বীকৃত। ইতোমধ্যে দক্ষিণ এশিয়ার মালদ্বীপ, নেপাল ও সুরিনাম সরকার তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে এর মডেল ও অভিজ্ঞতা তাদের দেশে কাজে লাগানোর প্রক্রিয়া শুরু করেছে। এ কর্মসূচির অভাবনীয় সাফল্য সবার কাছে এখন আগ্রহের বিষয়। সম্প্রতি প্রধানমন্ত্রীর কার্যালয়ে অ্যাকসেস টু ইনফরমেশন (এটুআই) আয়োজিত 'ডিজিটাল বাংলাদেশ সার্ভিস অ্যাট ডোরস্টেপস : পসিবিলিটি ফর সাউথ সাউথ কো-অপারেশন' শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম। কর্মশালায় বিভিন্ন উন্নয়নশীল দেশের কনসাল জেনারেল ও কনসাল ফোরাম, কনস্যুলার করপস ইন বাংলাদেশ (সিসিবি) এবং ৪০টিরও বেশি দেশের কূটনীতিক যোগ দেন। প্রতিমন্ত্রী বলেন, স্বাধীনতার হীরক জয়ন্তীর আগেই বাংলাদেশ মধ্যম আয়ের দেশে পরিণত হবে। এর অন্যতম চালিকাশক্তি হবে তথ্যপ্রযুক্তি খাত। এটুআইয়ের প্রকল্প পরিচালক কবির বিন আনোয়ারের সভাপতিত্বে এ কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব আবদুস সোবহান শিকদার ও চিলির কনসাল আসিফ এ চৌধুরী। এটুআই তার কার্যক্রমের বিভিন্ন বিষয় এ সময় কূটনীতিকদের সামনে তুলে ধরে। এ ছাড়া কূটনীতিকদের নানা প্রশ্নের জবাব দেন এ কর্মসূচির পলিসি অ্যাডভাইজার আনীর চৌধুরী ◆

## পরিকল্পনামন্ত্রীকে বেসিসের ক্রয়নীতি সংশোধনী প্রস্তাব


*কমপিউটার জগৎ রিপোর্ট* ॥ সরকারি ক্রয়নীতিতে দেশী-বিদেশী তথ্যপ্রযুক্তি কোম্পানির জন্য সুযোগের সমতা চেয়েছে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড



ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)। সম্প্রতি পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামালের কাছে ক্রয়নীতির বৈষম্য দূর করতে আনুষ্ঠানিক সংশোধনী প্রস্তাবপত্র দেয় সংগঠনটি। মন্ত্রী বেসিস ও বেসিস ইনস্টিটিউট অব টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট (বিআইটিএম) পরিদর্শনে এলে বেসিস সভাপতি শামীম আহসান এ প্রস্তাবপত্র হস্তান্তর করেন। এ সময় আমেরিকা-বাংলাদেশ চেম্বার অব কমার্সের সভাপতি আফতাব উল ইসলাম, বেসিসের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট রাসেল টি আহমেদ, ভাইস প্রেসিডেন্ট এম রাশিদুল হাসান, মহাসচিব উত্তম কুমার পল, কোষাধ্যক্ষ শাহ ইমরাউল কায়ীশ, সাবেক সভাপতি হাবিবুল্লাহ এন করিম, একেএম ফাহিম মাশরুর ও সাবেক সিনিয়র সহ-সভাপতি সৈয়দ আলমাস কবির উপস্থিত ছিলেন। শামীম আহসান বলেন, সরকারি ক্রয়নীতিতে কঠিন শর্ত আরোপ থাকায় দেশী কোম্পানিগুলো এককভাবে টেন্ডারে অংশ নিতে পারে না ◆

## সাড়ে ৪ মিনিটে ৫৩ হাজার ফোন বিক্রি

*কমপিউটার জগৎ ডেস্ক* ॥ দামী ব্র্যান্ডগুলোর সাথে পাল্লা দিয়ে ধীরে ধীরে এগিয়ে যাচ্ছে চীনের স্মার্টফোন নির্মাতা প্রতিষ্ঠানগুলো। এবার এর প্রমাণ দিল জেডটিই। সম্প্রতি কোম্পানিটির নুবিয়া জেড৭ নামের মডেলটি মাত্র ৪ মিনিট ৩৬ সেকেন্ডে ৫২ হাজার ৮০০ ইউনিট বিক্রির রেকর্ড করেছে। কম সময়ে এত বেশি ফোন বিক্রি চীনা প্রতিষ্ঠানটির জন্য এটি প্রথম। জেডটিইর নুবিয়া সিরিজের তিনটি ডিভাইস বর্তমানে বাজারে আছে। এর মধ্যে নুবিয়া জেড৭ ডিভাইসটি বেশি জনপ্রিয়তা পায়। যার ফলে বাজারে আসার মাত্র ৪ মিনিট ৩৬ সেকেন্ডে বেশিসংখ্যক ফোন বিক্রির রেকর্ড করে চমকে দেয় মডেলটি। নুবিয়া জেড৭ স্মার্টফোনটির ডিসপ্লে ৫.৫ ইঞ্চি ও রেজ্যুলেশন ২৫৬০ বাই ১৪৪০। এতে রয়েছে কোয়ালকম স্ন্যাপড্রাগন ৮০১ চিপসেটযুক্ত ২.৫ গিগাহার্টজ প্রসেসর। এ ছাড়া রয়েছে ২ গিগাবাইট র‌্যাম। ছবি তোলার জন্য পেছনে রয়েছে ১৩ মেগাপিক্সেল ক্যামেরা এবং সেলফি ও ভিডিও চ্যাটের জন্য রয়েছে ৫ মেগাপিক্সেল ক্যামেরা ◆



## বিক্রি হচ্ছে সিটিসেল!

দেশের সবচেয়ে পুরনো মোবাইল ফোন অপারেটর সিটিসেল বিক্রি হয়ে যাচ্ছে। এখনও দরদাম ঠিক না হলেও বিদেশি ক্রেতা প্রতিষ্ঠানের সাথে আলোচনা অনেকটা এগিয়ে গেছে। ভিয়েতনামের অপারেটর মোবিফোন বর্তমানে আর্থিক সঙ্কটে থাকা সিটিসেল কেনার ব্যাপারে আগ্রহ দেখিয়েছে। বিদেশি কোম্পানিটির কর্মকর্তারা বিনিয়োগের বিষয়ে আলোচনা করতে ও অপারেটরটির বর্তমান অবস্থা দেখতে সম্প্রতি ঢাকায় আসেন। সংশ্লিষ্টরা জানান, সব কিছু ঠিক থাকলে আগস্ট বা সেপ্টেম্বর মাসের মধ্যেই সিটিসেল কেনার বিষয়টি চূড়ান্ত করতে ভিয়েতনামের কোম্পানিটি ঢাকায় এসে চুক্তি করতে পারে। ইতোমধ্যে মোবিফোনের কর্মকর্তারা টেলিযোগাযোগমন্ত্রী আবদুল লতিফ সিদ্দিকী ও বিটিআরসি চেয়ারম্যান সুনীল কান্তি বোসের সাথে সাক্ষাৎ করেছেন। সিটিসেলের অংশীদার সিংটেল অনেক দিন থেকে থাকতে চাইছে না। তাদের বিনিয়োগের পরিমাণ সাড়ে ৪৪ শতাংশ। সিংটেলের শেয়ারের পুরোটাই মোবিফোন কিনতে চায়। সেই সাথে নিতে চায় আরও একটি বড় অংশ। মোবিফোন ১৯৯৩ সাল থেকে ভিয়েতনামে টেলিযোগাযোগ সেবা দিচ্ছে। বর্তমানে সে দেশের বাজারে তাদের অবস্থান দ্বিতীয়। এর আগেও সিটিসেল কেনার বিষয়ে কয়েকটি বিদেশী কোম্পানি আগ্রহ দেখালেও শেষ পর্যন্ত তা চূড়ান্ত হয়নি ◆

## পুরনো পাসওয়ার্ড ব্যবহারে সমস্যা নেই!

ভুলে যাওয়া পাসওয়ার্ড পুনরুদ্ধার করতে গিয়ে পড়তে হয় বিপাকে। অনেকে তাই পুরনো পাসওয়ার্ডটি ব্যবহার করেন। ইন্টারনেটে নিরাপদে থাকতে নিয়মিত পাসওয়ার্ড বদলানোর পরামর্শ দেয়া হলেও এক গবেষণার তথ্য বলছে ভিন্ন কথা। মাইক্রোসফটের এক গবেষণা বলছে, বারবার বদলানোর চেয়ে পুরনো পাসওয়ার্ডই ভালো। বিশেষ করে যারা বারবার পাসওয়ার্ড ভুলে যান, তারা নতুন পাসওয়ার্ডের চেয়ে অতিপরিচিত পুরনোটিই যেন ব্যবহার করেন। গবেষণায় আরও বলা হয়, ইন্টারনেট ব্যবহারের ক্ষেত্রে খুব গোপনীয় যেমন ব্যাংক অ্যাকাউন্ট সুরক্ষায় জটিল ও ইউনিক পাসওয়ার্ড ব্যবহার করা উচিত। এ ছাড়া মোটামুটি কম ঝুঁকির ওয়েবসাইটগুলোতে সাধারণ পাসওয়ার্ড ব্যবহার করাই ভালো। মনে রাখা কঠিন এমন শক্ত পাসওয়ার্ড ব্যবহার করে মানসিক শক্তির অপচয় না করার পরামর্শই দিয়েছেন গবেষকেরা ◆



## হেডফোন সারাতে এক্সরে মেশিন

অবিশ্বাস্য মনে হলেও ঘটনা সত্য। যুক্তরাষ্ট্রের একজন চিকিৎসক হেডফোন নষ্ট হয়ে যাওয়ায় এক্সরে মেশিন ব্যবহার করে তা ঠিক করে ফেলেছেন। এই চিকিৎসকের নাম ম্যাট স্কালস্কি। যিনি সাউদার্ন ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের



হেলথ সায়েন্স বিভাগের একজন রেডিওলজিস্ট। রেডিওলজি স্পেশালিস্ট সাইট রেডিওপিডিয়া ডট অর্গের এক পোস্টে চিকিৎসক নিজেই লিখেছেন, একদিন অফিস ত্যাগ করার সময় দেখেন তার হেডফোনটি কাজ করছে না। তারপর তিনি এর সমস্যা শনাক্ত করতে গিয়ে হেডফোনটির বিভিন্ন তার এক্সরে করেন। তখন দেখতে পান এটির একটি তারের ৪ মিলিমিটার অংশ ছিঁড়ে গেছে, যা মাইক্রোফোনের সাথে ফোনের স্পিকারের অংশের বিচ্ছেদ ঘটিয়েছে। এরপর হেডফোনটিকে সারাতে একে যত্ন সহকারে প্লাস্টিক ও রাবার দিয়ে ছেঁড়া অংশটিকে জোড়া দেন এবং এটি আবার যেন ছিঁড়ে না যায়, সে কারণে ভালো করে বেঁধে নেন। তার হাতের ছোঁয়া পেয়ে হেডফোনটি ৯০ শতাংশ ঠিক হয়ে যায় ◆

## গুগল থেকে শিখবেন সত্য নাদেলা



নতুন করে শুরু করার প্রত্যয় নিয়ে মাইক্রোসফটের দায়িত্ব নিয়েছেন সত্য নাদেলা। ঢেলে সাজাচ্ছেন মাইক্রোসফটকে। তবে এ কাজ করতে গিয়েই তিনি গুগলকে আদর্শ মানছেন। মাইক্রোসফট সিইও বলেন, আমি এখনও গুগলের কাছ থেকে শিখছি। গুগলের মুনশট থেকে আমার অনেক কিছু শেখার আছে। যারা নিজেদের ভালো বিপণন করতে পারে, আমি তাদের সবার কাছ থেকেই শিখি। মাইক্রোসফটের অন্যদেরও গুগলের কাছ থেকে অনেক কিছু শেখার আছে। সম্প্রতি ফরচুন ব্রেইনস্টর্মিং টেক কনফারেন্সে এক অভ্যর্থনা অনুষ্ঠানে তিনি এ কথা বলেন ◆

## পানিতে হবে স্মার্টফোন চার্জ



সম্প্রতি প্রযুক্তি গবেষকেরা জানান, পানির সাহায্যে স্মার্টফোন চার্জ দেয়া সম্ভব। ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজির প্রযুক্তি গবেষকেরা পানির এই ব্যবহারটি আবিষ্কার করেছেন। গবেষকেরা জানান, উচ্চস্তরের রিপেলিং সারফেসে যে পানির ফোঁটা পড়ছে তা ব্যবহার করে বিদ্যুৎ উৎপাদন করা যেতে পারে। পানির ফোঁটা যখন সুপারহাইড্রোফোবিক সারফেসে এসে পড়ে, তখন এই প্রক্রিয়া থেকে ইলেকট্রিক চার্জ উৎপন্ন হয়। এই বিদ্যুৎ ব্যবহার করে স্মার্টফোন, ট্যাবলেটের মতো ডিভাইসগুলো চার্জ করা যাবে। বাণিজ্যিকভাবে এটি কবে নাগাদ বাজারে আসবে কিংবা আদৌ আসবে কি না, সে সম্পর্কে কোনো তথ্য দেয়া হয়নি ◆

## প্রজেক্ট ম্যানেজমেন্ট প্রফেশনাল কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে প্রজেক্ট ম্যানেজমেন্ট প্রফেশনাল (পিএমপি) কোর্সে ভর্তি চলছে। সার্টিফায়েড প্রশিক্ষক দিয়ে প্রশিক্ষণ দেয়া হবে। এ মাসেই ক্লাস শুরু। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆

## রেডহ্যাট এন্টারপ্রাইজ পারফরম্যান্স টিউনিং কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে রেডহ্যাট এন্টারপ্রাইজ পারফরম্যান্স টিউনিং কোর্সে ভর্তি চলছে। ৩২ ঘণ্টার কোর্সটির প্রশিক্ষণের দায়িত্বে থাকবেন রেডহ্যাট ইন্ডিয়ার প্রশিক্ষক। কোর্স শেষে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆

## ১৯ সেপ্টেম্বর আসছে আইফোন ৬

টেক জায়ান্ট অ্যাপলের নতুন আইফোন ৬ উন্মুক্ত হচ্ছে এ বছরের ১৯ সেপ্টেম্বর। সম্প্রতি চীনের এক ওয়েবসাইট আইফোন ৬ প্রচারণার একটি ছবি ফাঁস করে দেয়। ছবিটিতে বলা হয়, চলতি বছরের ১৯ সেপ্টেম্বরে আইফোনের নতুন সংস্করণের ঘোষণা আসতে পারে। আগে ফাঁস হওয়া কিছু



তথ্য থেকে জানা যায়, আইফোন ৬-এর ডিসপ্লে হবে ৪.৭ ইঞ্চি কিংবা ৫.৫ ইঞ্চি। এ ছাড়া আইফোন ৬ স্মার্টফোনটিতে সনির এক্সমোর আরএস সেন্সর ব্যবহার করা হতে পারে। এতে ১৩ মেগাপিক্সেলের ক্যামেরা থাকবে, যার সাহায্যে ১০৮০ পিক্সেল ফুল এইচডি ভিডিও রেকর্ড করা যাবে ◆

## নিরাপত্তা ত্রুটি সারাতে হ্যাকার নিচ্ছে গুগল

হ্যাকার দিয়ে ইন্টারনেটের নিরাপত্তা বাগ সারানোর প্রকল্প হাতে নিয়েছে গুগল। 'প্রজেক্ট জিরো' নামে এ প্রকল্পে ইতোমধ্যে একদল হ্যাকারকে নিয়োগ দিয়েছে তারা। গুগল জানায়, নতুন নিয়োগ করা দলটি শুধু ইন্টারনেট নিরাপত্তা নিশ্চিত করতে কাজ করবে। দলটি কোনো ত্রুটি খুঁজে পেলে তৃতীয় কোনো পক্ষকে না জানিয়ে সরাসরি সফটওয়্যার বা সেবা বিক্রেতাকে অবহিত করবে। এ ছাড়া তারা এসব ত্রুটি পাবলিক ডাটাবেজে রেজিস্ট্রি করবে। এ কাজের সাথে দলটি সমস্যা গুলোর বিশ্লেষণ করবে ◆

## বাজারে দেশী ব্র্যান্ডের 'ওকে মোবাইল'

প্রথমবারের মতো দেশে সংযোজিত 'ওকে মোবাইল' নামে দেশী ব্র্যান্ডের হ্যান্ডসেট এখন বাজারে। সম্প্রতি রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে ছয়টি মডেলের মোড়ক উন্মোচনের মধ্য দিয়ে দেশী এ ব্র্যান্ডটির যাত্রা শুরু হয়। কোম্পানিটি প্রাথমিকভাবে ৩০ হাজার হ্যান্ডসেট বাজারে ছাড়ছে। বর্তমানে টেলিফোন শিল্প সংস্থায় (টেশিস) মোবাইল হ্যান্ডসেট সংযোজনের প্ল্যান্ট বসানোর কাজ করছে দেশে টেলিকম খাতের নতুন এ কোম্পানিটি। মোড়ক উন্মোচন করা মডেলগুলো হলো– এফ ১০, এম ২, কে ৯, কে ৭, কে ৫ ও জুপিটার জেড ৭। তবে প্রাথমিকভাবে দুটি মডেলের



সেট বাজারে পাওয়া যাবে। একটির মূল্য ১ হাজার ২০০ টাকা ও অপরটি ৪ হাজার টাকার থ্রিজি এনাবল সেট। বর্তমানে এ ব্র্যান্ডটির ঢাকায় দুটি সার্ভিস সেন্টার ও ১৬টি বিক্রয়কেন্দ্র রয়েছে। মোড়ক উন্মোচন অনুষ্ঠানে ডাক ও টেলিযোগাযোগ সচিব আবু বকর সিদ্দিক প্রধান অতিথির বক্তব্যে বলেন, এটি অত্যন্ত ভালো একটি উদ্যোগ। এর মাধ্যমে বাংলাদেশে প্রযুক্তির নতুন ধারা শুরু হলো। ওকে মোবাইলের চেয়ারম্যান খন্দকার জামিল উদ্দিন জানান, ওকে মোবাইল বাংলাদেশী ব্র্যান্ড। তবে এটি তৈরিতে উন্নত প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে। সেই সাথে দামও সহনীয় পর্যায়ে থাকছে ◆

## আসছে গ্যালাক্সি আলফা



অ্যাপল ও স্যামসাংয়ের মধ্যে স্মার্টফোন নিয়ে প্রতিযোগিতা হাল আমলে বেশ জমে উঠেছে। নিত্য-নতুন ফিচারের স্মার্টফোন আনতে বেশ জোরালো প্রতিদ্বন্দ্বিতা চলে টেক জায়ান্ট দুটির মধ্যে। এরই ধারাবাহিকতায় নতুন আরও একটি হাই-এন্ড মডেল আনার চিন্তা করছে স্যামসাং। এর নাম হচ্ছে গ্যালাক্সি আলফা। দক্ষিণ কোরিয়ার সংবাদমাধ্যম ইটিনিউজ সম্প্রতি গ্যালাক্সি আলফার খবর ফাঁস করে দেয়। এতে বলা হয়, ফোনটিতে বেশ কিছু নতুন ও দারুণ ফিচার থাকবে, যা আইফোন ৬-এর সাথে পাল্লা দেবে ◆

## রেডহ্যাট ওপেন স্ট্যাক অ্যাডমিনিস্ট্রেশন কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে রেডহ্যাট ওপেন স্ট্যাক অ্যাডমিনিস্ট্রেশন কোর্সে শুক্র ও শনিবারের ব্যাচে ভর্তি চলছে। ৩২ ঘণ্টার কোর্স শেষে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭ ◆

## এইচপি সম্মাননা পেল কমপিউটার সোর্স



দক্ষতার সাথে দেশের প্রান্তিক পর্যায়ে এইচপি পণ্য পৌঁছে দেয়ার স্বীকৃতিস্বরূপ এইচপির পক্ষ থেকে 'প্রসেস অরিয়েন্টেড অ্যান্ড জিইও এক্স মার্কেটিং পার্টনার' সম্মাননা পেয়েছে কমপিউটার সোর্স। সম্প্রতি রাজধানীর একটি রেস্তোরাঁয় আয়োজিত অনুষ্ঠানে ২০১৩-১৪ অর্থবছরের জন্য এ পুরস্কার দেয়া হয়। অনুষ্ঠানে কমপিউটার সোর্সের পরিচালক আসিফ মাহমুদ এবং হেড অব স্ট্র্যাটেজিক বিজনেস (এইচপি) জিএম রাশেদুল হকের হাতে সম্মাননা ক্রেস্ট তুলে দেন এইচপির ভাইস প্রেসিডেন্ট (প্রিন্টিং অ্যান্ড পার্সোনাল সিস্টেম) এবং দক্ষিণ এশিয়া, তাইওয়ান ও হংকংয়ের ম্যানেজিং ডিরেক্টর এনজি তিয়ান চং। উপস্থিত ছিলেন কমপিউটার সোর্সের চেয়ারম্যান সৈয়দা মাজেদা মেহের নিগার, ব্যবস্থাপনা পরিচালক এএইচএম মাহফুজুল আরিফ, এইচপির জেনারেল ম্যানেজার (প্রিন্টিং অ্যান্ড পার্সোনাল সিস্টেম) অং সু সান, এইচপি বাংলাদেশ কান্ট্রি ম্যানেজার ইমরুল হোসেন ভূঁইয়া প্রমুখ ◆

## ফেসবুকে কেনাকাটার সুবিধা আসছে

নিত্য-নতুন ফিচার আনায় জুড়ি নেই শীর্ষ সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকের। ব্যবহারকারীদের চমক দিতে এবারও নতুন ফিচার যোগ হচ্ছে। এ মাধ্যম ব্যবহার করে কেনাকাটার সুবিধা দিতে আনা হচ্ছে বাই বাটন। এ ফিচারের সাহায্যে ফেসবুকের বিজ্ঞাপন অথবা পোস্ট থেকেই সরাসরি পণ্য কেনা যাবে। যদিও বাই বাটনের আনুষ্ঠানিক ঘোষণা দেয়া হয়নি। তবে ফিচারটি নিয়ে পরীক্ষামূলক কাজ চলছে বলে এক ব্লগপোস্টের মাধ্যমে জানায় ফেসবুক কর্তৃপক্ষ। প্রাথমিক পর্যায়ে যুক্তরাষ্ট্রের কিছু ব্যবসায় প্রতিষ্ঠানে ফেসবুক পেজে বাই বাটন যুক্ত করা হয়েছে। এ বাটনে ক্লিক করেই বিক্রেতাদের ই-কমার্স ওয়েবসাইটে না গিয়ে ক্রেতারা সরাসরি পণ্য কিনতে পারবেন। ক্রেডিট বা ডেবিট কার্ড ও অন্যান্য অনলাইন পেমেন্ট পদ্ধতি ব্যবহার করে টাকা পরিশোধ করা যাবে ◆

## সিসিএনএ ও সিসিএনপি কোর্সে ভর্তি চলছে

আইবিসিএস-প্রাইমেক্সে নতুন সিলেবাসে সিসিএনএ ও সিসিএনপি কোর্সে ভর্তি চলছে। অভিজ্ঞ প্রশিক্ষক দিয়ে বাস্তবভিত্তিক প্রশিক্ষণ দেয়া হয়। কোর্স শেষে অনলাইন সার্টিফিকেশন পরীক্ষার ব্যবস্থা আছে। রবি ও মঙ্গলবার সান্ধ্যকালীন ব্যাচে ক্লাস শুরু হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆

## ৪ দিনে আসুসের ৪০ হাজার স্মার্টফোন বিক্রি



জেনফোন দিয়ে ভারতের বাজারে নতুন করে আত্মপ্রকাশ করল আসুস। বাজারজাত শুরুর মাত্র চার দিনে ৪০ হাজার জেনফোন বিক্রির রেকর্ড হয়েছে। চলতি বছরের কনজ্যুমার ইলেকট্রনিক্স শোতে নতুন ফোন সিরিজ আনার ঘোষণা দেয় প্রতিষ্ঠানটি। এরই ধারাবাহিকতায় জেনফোন নিয়ে আসে আসুস। তাইওয়ানের কোম্পানিটির লক্ষ্য ছিল নতুন ফোন দিয়ে বাজারে জায়গা করে নেয়া। জেনফোন ৪, ৫ ও ৬ নামের স্মার্টফোন তিনটি ৯ জুলাই ভারতের বাজারে উন্মোচনের পর মাত্র চার দিনে ৪০ হাজার ইউনিটি বিক্রির মাধ্যমে চমক সৃষ্টি করে ◆

## গাড়ি কিনতে কারমুডির মোবাইল অ্যাপ



মোবাইল ফোনেই গাড়ি পছন্দের স্বাচ্ছন্দ্য সুবিধা দিতে অ্যাপ বানাল বিশ্বব্যাপী গাড়ি বেচাকেনার সুপরিচিত অনলাইন মাধ্যম কারমুডি। ইতোমধ্যে অ্যাপটি উন্মুক্ত করেছে এরা। জার্মান প্রতিষ্ঠান কারমুডি জানায়, এ অ্যাপটি ব্যবহার করে কারমুডির ২০ লাখেরও বেশি গাড়ি অনলাইনে দেখা যাবে। আর বাংলাদেশেও রয়েছে ১৫ হাজারের বেশি গাড়ি। সবার সুবিধায় ৯টি ভাষার কারমুডির এ অ্যাপটিতে বাংলাও রয়েছে। কারমুডির বাংলাদেশ কান্ট্রি ম্যানেজার আশিকুর রহমান জানান, বাংলাদেশে ৪৫০টি রেজিস্টার্ড শোরুমে ক্রেতারা এ অ্যাপ ব্যবহার করে স্বাচ্ছন্দ্যেই তাদের প্রয়োজনীয় ও পছন্দের গাড়িটি খুঁজে পাবেন। অ্যাপটিতে ক্রেতারা কাছের শোরুম সম্পর্কেও তথ্য জানতে পারবেন। রয়েছে আরও নানা ফিচার ◆

## জাভা ভেন্ডর সার্টিফিকেশন কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে জাভা প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ প্রশিক্ষণে ভর্তি চলছে। প্রশিক্ষণে কোর্সের অরিজিনাল স্টাডি মেটেরিয়াল, অনলাইন পরীক্ষার জন্য ২৫ শতাংশ ডিসকাউন্ট ভাউচার ও কোর্স শেষে ওরাকল থেকে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆

## মাইক্রোসফটের আয় কমাল নকিয়া

বছরের দ্বিতীয় প্রান্তিকে প্রযুক্তি জায়ান্ট মাইক্রোসফটের আয় কমেছে ৭ শতাংশ। অর্থের হিসাবে গত বছরের একই সময়ের চেয়ে আয় কমেছে প্রায় ৩৭ কোটি ডলার। আয় কমার মূল কারণ নকিয়া। গত এপ্রিল-জুন প্রান্তিকে নকিয়ার ব্যবসায় থেকে টেক জায়ান্টটি লোকসান গুনেছে ৬৯২ মিলিয়ন ডলার। গত প্রান্তিকে




মাইক্রোসফট মোট আয় করেছে ৪ দশমিক ৬ বিলিয়ন ডলার। গত বছরের একই সময় আয় হয়েছিল ৪ দশমিক ৯৭ বিলিয়ন ডলার। আয় কমে যাওয়ার কারণে গত সপ্তাহে মাইক্রোসফট ১৮ হাজার কর্মকর্তাকে চাকরিচ্যুত করবে বলে জানায়। এর মধ্যে নকিয়ারই সাড়ে ১২ হাজার কর্মকর্তা থাকবেন বলে জানা গেছে ◆

## বাজারে আসছে গ্যালাক্সি কোর-২



স্যামসাং গ্যালাক্সি কোর স্মার্টফোনের নতুন সংস্করণ গ্যালাক্সি কোর-২ বাংলাদেশের বাজারে উন্মুক্ত করতে যাচ্ছে। স্যামসাংয়ের স্মার্টফোন ক্যাফে থেকে কেনা যাবে ফোনটি। পাতলা গড়নের এ স্মার্টফোনটিতে থাকছে সাড়ে চার ইঞ্চি মাপের এলসিডি টাচস্ক্রিন, ১.২ গিগাহার্টজ প্রসেসর, এলইডি ফ্ল্যাশসহ ৫ মেগা পিক্সেল অটো ফোকাস ক্যামেরা। এ ছাড়া এতে আছে এইচডি ভিডিও সুবিধাসহ ভিজিএ ফ্রন্ট ক্যামেরা, ডুয়াল সিম, ওয়াই-ফাই, ব্লুটুথসহ অনেক ফিচার। 'ঈদ ডিলাইট অফার' নামে এক অফারের আওতায় ক্রেতারা যেকোনো স্যামসাং স্মার্টফোন ক্যাফে থেকে ফোনটি কিনলে পাঁচ দিনের ঢাকা-সিঙ্গাপুর-ফুকেট ভ্রমণের সুযোগসহ অন্যান্য পুরস্কারের ব্যবস্থাও রেখেছে কোম্পানিটি। স্মার্টফোনটির দাম সাড়ে ১৬ হাজার টাকা ◆

## সাফায়ার ব্র্যান্ডের নতুন গ্রাফিক্স কার্ড বাজারে



ইউসিসি বাজারে এনেছে সাফায়ার ব্র্যান্ডের আর৭ ২৬৫ মডেলের ডুয়াল এক্স গ্রাফিক্স কার্ড। ২ জিবি ডিডিআর৫ সমর্থনে গ্রাফিক্স কার্ডটির ক্লকস্পিড ১৪০০ মেগাহার্টজ ও কোর ক্লক ৯০০ মেগাহার্টজ, যা ডায়নামিক মোডে ৯২৫ মেগাহার্টজ ব্যবহার করা যায়। এতে এএমডি পাওয়ার টিউন প্রযুক্তি, ফোরকে প্রযুক্তি, একসাথে তিনটি মনিটর সংযোগ, এইচডিএমআই, ডিভিআই-পি ও ডিভিআই-পি পোর্ট সুবিধা রয়েছে। গ্রাফিক্স কার্ডটি ডিরেক্টএক্স ১১.২ ও ওপেনজিএল ৪.৩ পর্যন্ত সমর্থন করে। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১ ◆

## ডেল মোস্ট ভেল্যুয়েবল পার্টনার কমপিউটার সোর্স



টানা তৃতীয়বারের মতো ‘ডেল মোস্ট ভেল্যুয়েবল পার্টনার অ্যাওয়ার্ড ইন বাংলাদেশ’ পেয়েছে কমপিউটার সোর্স। বাংলাদেশে ডেল ব্র্যান্ড প্রতিষ্ঠায় ধারাবাহিকভাবে এই স্বীকৃতি পায় দেশের শীর্ষ এ আইটি প্রতিষ্ঠান। সিঙ্গাপুরে অনুষ্ঠিত সম্মাননা অনুষ্ঠানে সম্প্রতি কমপিউটার সোর্সের ব্যবস্থাপনা পরিচালক এএইচএম মাহফুজুল আরিফের হাতে সম্মাননা ক্রেস্ট তুলে দেন ডেল এসএডিএমজির ম্যানেজিং ডিরেক্টর হাজী সালেহ মুন্সি। ডেল চীন ও কোরিয়া অঞ্চলের ভাইস প্রেসিডেন্ট তিয়ান বেং এবং কমপিউটার সোর্সের পরিচালক আসিফ মাহমুদ এ সময় উপস্থিত ছিলেন। প্রসঙ্গত, ২০১১ ও ২০১২ সালেও একই সম্মাননা পায় কমপিউটার সোর্স ◆

## ডেপ্লয়মেন্ট অ্যান্ড সিস্টেম ম্যানেজমেন্ট ট্রেনিংয়ে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্স ও রেডহ্যাট ইন্ডিয়া কর্তৃক যৌথ উদ্যোগে রেডহ্যাট এন্টারপ্রাইজ ডেপ্লয়মেন্ট অ্যান্ড সিস্টেম ম্যানেজমেন্ট অথরাইজড ট্রেনিংটি সার্টিফায়েড ডেপ্লয়মেন্ট এক্সপার্ট ইন্ডিয়ার প্রশিক্ষক দিয়ে অনুষ্ঠিত হবে। এ মাসের ব্যাচে ভর্তি চলছে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆

## চট্টগ্রামে ওরাকল ও সিসিএনএ কোর্সে ভর্তি

বন্দরনগরী চট্টগ্রামে দি কমপিউটারস লিমিটেডে আইবিসিএস-প্রাইমেক্সের তত্ত্বাবধানে ওরাকল ১০জিডিবিএ অ্যান্ড ডেভেলপার কোর্সে ভর্তি চলছে। এ ছাড়া রেডহ্যাট লিনআক্স, জেন্ড সার্টিফিকেশন ও সিসিএনএ প্রশিক্ষণ দেয়া হবে। যোগাযোগ : ০১৭৬০৪৮৬৭৯৫ (চট্টগ্রাম), ০১৭১৩৩৯৭৫৬৭-৮ (ঢাকা) ◆

## বাজারে স্যামসাংয়ের নকল মেমরি কার্ড

বাংলাদেশের বাজারে স্যামসাংয়ের কোনো মেমরি কার্ড নেই। অথচ দেশের তথ্যপ্রযুক্তি পণ্যের বাজারে দেদার বিক্রি হচ্ছে স্যামসাং ব্র্যান্ডের নামে নকল মেমরি কার্ড। আর এতে প্রতারণার শিকার হচ্ছেন ক্রেতারা। ঈদকে সামনে রেখে দেশের তথ্যপ্রযুক্তি বাজারে ছড়িয়ে পড়েছে এসব মেমরি কার্ড। সম্প্রতি রাজধানীর মাল্টিপ্লান মার্কেট থেকে এমনই একটি ‘স্যামসাং মাইক্রো এসডিএইচসি কার্ড’ কিনে প্রতারণার শিকার হয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান অনুষদের ছাত্র মুতাসিম বিল্লাহ।



*স্যামসাং ব্র্যান্ডের নামে নকল মেমরি কার্ড*

তিনি জানান, কার্ডের গায়ে ১৬ জিবি লেখা থাকলেও বাসায় এসে তা লাগিয়ে দেখা গেছে এটির ধারণক্ষমতা ১০ জিবি। একইভাবে প্রতারণার শিকার ধানমণ্ডির গৃহিণী লুৎফুন্নাহার জানান, একই ধরনের জাল মেমরি কার্ড নিয়ে প্রতারণার শিকার হয়েছেন তিনি। তার মেমরি কার্ড ক্লাস ১০-এর বলা হলেও এর গতি ক্লাস ৪-এর চেয়েও কম। এসব মেমরি কার্ডে কোনো ওয়ারেন্টি না থাকায় এটি বদল করে নিতে না পেরে নতুন করে আবারও মেমরি কার্ড কিনতে হয়েছে। এ বিষয়ে স্যামসাং কর্তৃপক্ষ জানায়, বাংলাদেশে স্যামসাং পরিবেশিত কোনো মেমরি কার্ড নেই। কারা এবং কীভাবে এটি বিক্রি হচ্ছে তা জানি না। কিছু অসাধু ব্যবসায়ী স্যামসাংয়ের নামে এই অপকর্ম করছে। বিষয়টির ব্যাপারে পদক্ষেপ নেয়া হবে। স্যামসাং পণ্যের পরিবেশক কমপিউটার সোর্সের পরিচালক আসিফ মাহমুদ বলেন, আমাদের ডিলাররাও অভিযোগ করেছেন। আমাদের আউটলেটগুলোতে এসে অনেক ক্রেতাই অভিযোগ করেছেন। তাদের প্রতি অনুরোধ করব, কেনার আগে ভালো পণ্যটি যাচাই করে দেখতে ◆

## ৬ মাসে গ্রামীণফোনের দ্বিগুণ মুনাফা

চলতি বছরের প্রথম ছয় মাসে শীর্ষ মোবাইল ফোন অপারেটর গ্রামীণফোনের মুনাফা গত বছরের একই সময়ের চেয়ে দ্বিগুণ বেড়েছে। এদিকে অপারেটরটি প্রথম ছয় মাসের জন্য অন্তর্বর্তীকালীন ৯৫ শতাংশ নগদ লভ্যাংশ ঘোষণা করেছে। গত বছর প্রথম ছয় মাসে অপারেটরটির ৫১০ কোটি টাকা মুনাফার বিপরীতে প্রথম ছয় মাসে মুনাফা দাঁড়িয়েছে ১ হাজার ৬০ কোটি টাকার বেশি। গ্রামীণফোনের তথ্যানুসারে, ২০১৪ সালের প্রথম ছয় মাসে আয় হয়েছে ৫ হাজার ১১০ কোটি টাকা। গত বছরের একই সময়ের তুলনায় যা শতকরা ৭ দশমিক ৮ ভাগ বেশি। এর মধ্যে এপ্রিল থেকে জুন প্রান্তিকে আয়ের পরিমাণ ছিল ২ হাজার ৬২০ কোটি টাকা। সম্প্রতি এক সংবাদ সম্মেলনে গ্রামীণফোন কর্তৃপক্ষ জানায়, গত বছরের একই সময়ের তুলনায় সেবা থেকে প্রাপ্ত আয় বেড়েছে সাড়ে ৭ দশমিক। এ ছাড়া ডিভাইস ও অন্যান্য খাত থেকে আয় বেড়েছে ১৪ দশমিক ৩ ভাগ ◆

## বাজারে ডুয়াল মোডের লেনোভো ফ্লেক্স ১৪ নোটবুক



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে লেনোভো ব্র্যান্ডের ফ্লেক্স ১৪ মডেলের ডুয়াল মোডের নোটবুক। একে ল্যাপটপ ও স্ট্যান্ড– এই দুই মোডে পরিবর্তন করে ব্যবহার করা যায়। ১৪ ইঞ্চির টাচস্ক্রিন ফিচারের উইন্ডোজ ৮.১ অপারেটিং সিস্টেম চালিত এ নোটবুকে রয়েছে ১.৮ গিগাহার্টজ গতির চতুর্থ প্রজন্মের ইন্টেল কোরআই-৭ প্রসেসর, ৪ জিবি র‍্যাম, ১ টেরাবাইট হার্ডডিস্ক, ইন্টেল এইচডি গ্রাফিক্স, ডিভিডি রাইটারসহ অন্যান্য সুবিধা। সাড়ে চার ঘণ্টা ব্যাটারি ব্যাকআপের এ নোটবুকটির দাম ৭৫ হাজার টাকা। যোগাযোগ : ০১৯৭৭৪৭৬৫০১ ◆

## বাজারে এমএসআই ব্র্যান্ডের গেমিং ৫ মাদারবোর্ড



ইউসিসি বাজারে এনেছে এমএসআই ব্র্যান্ডের জেড৯৭ গেমিং ৫ মাদারবোর্ড। এতে ইন্টেলের চতুর্থ ও পঞ্চম প্রজন্মের প্রসেসর ব্যবহার করা যাবে। মাদারবোর্ডটির র‍্যাম সমর্থন ক্ষমতা ডিডিআর৩-৩৩০০ পর্যন্ত। কিলার ইথারনেট থাকায় কোনো ধরনের বাধা ছাড়াই অনলাইন গেম খেলা যাবে। গেমারেরা তাদের গেমিং মুহূর্তগুলো সরাসরি ইউটিউব, ফেসবুক, টুইটারে শেয়ার করতে পারবে। রয়েছে সাটা ৬, অডিও বুস্ট ২, গেমিং অ্যাপ্লিকেশন, ক্লিক বায়োস ৪ প্রযুক্তি ও সাউন্ড ব্লাস্টার সিনেমা ২। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১ ◆

## এএসপি ডটনেট ইউজিং সি কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্স সফটওয়্যার (বাংলাদেশ) লিমিটেডে এএসপি ডটনেট ইউজিং সি ও এসকিউএল সার্ভার প্রশিক্ষণে ভর্তি চলছে। এতে অ্যাজাক্স, জেকোয়ারি, এনটিটি ফ্রেমওয়ার্ক, ক্রিস্টাল রিপোর্ট শেখানো হবে। অভিজ্ঞ প্রশিক্ষক দিয়ে বাস্তবভিত্তিক প্রশিক্ষণ দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭ ◆

## বাজারে পঞ্চম প্রজন্মের এমএসই গেমিং মাদারবোর্ড

দেশের বাজারে এমএসআই জেড৯৭ গেমিং ৯ এসি মাদারবোর্ড এনেছে কমপিউটার সোর্স। মাদারবোর্ডটি ড্রাগন আরমর হিসেবে পরিচিত, আকর্ষণীয় হিটসিঙ্ক, ব্লুটুথ ৪.০সহ ইন্টেল ওয়াইফাই এসি মডিউল, সুপার অ্যালয় প্রযুক্তি এবং শতভাগ প্রিমিয়াম গোল্ড ক্যাপাসিটর সমৃদ্ধ। ইন্টেল, পেন্টিয়াম, সেলেরনের চতুর্থ ও পঞ্চম প্রজন্মের প্রসেসরে ব্যবহারোপযোগী মাদারবোর্ডটিতে ডিডিআরথ্রি ৩৩০০ (ওসি) পর্যন্ত মেমরি সমর্থন করে। গেম খেলার সময় ভালো ফ্রেম পেতে রয়েছে গেমিং অ্যাপ ◆

## অটোডেস্কের পরিবেশক হলো গ্লোবাল ব্র্যান্ড

সম্প্রতি ত্রিমাত্রিক নকশা, প্রকৌশল নকশা তৈরির সফটওয়্যার নির্মাতা বিশ্বখ্যাত প্রতিষ্ঠান অটোডেস্ক বাংলাদেশে তাদের পণ্যের পরিবেশক হিসেবে গ্লোবাল ব্র্যান্ড (প্রা.) লিমিটেডকে নিয়োগ করেছে। গ্লোবাল ব্র্যান্ড এখন থেকে অটোডেস্কের

AUTODESK.

বিভিন্ন সফটওয়্যার দেশে বাজারজাত করবে। এ বিষয়ে গ্লোবাল ব্র্যান্ডের চেয়ারম্যান আবদুল ফাত্তাহ বলেন, বাংলাদেশে আমাদের দৃঢ় অবস্থান এবং প্রযুক্তিপণ্য বিপণনে আমাদের অভিজ্ঞতা এ ক্ষেত্রে কাজে লাগবে। অটোডেস্কের বাংলাদেশ ও সার্কভুক্ত দেশগুলোর চ্যানেল কান্ট্রি ম্যানেজার পঙ্কজ গাবা বলেন, আমরা বিশ্বাস করি পরিবেশক নিয়োগের কারণে বাংলাদেশের তথ্যপ্রযুক্তি বাজারে অটোডেস্ক পণ্যের উপস্থিতি বাড়বে ◆

## এইচপির সেরা পার্টনার হলো স্মার্ট টেকনোলজিস

বাংলাদেশের বাজারে এইচপি পণ্য পরিবেশনে অসাধারণ কৃতিত্বের স্বীকৃতিস্বরূপ এইচপির বর্ষসেরা ডিস্ট্রিবিউশন পার্টনারের পুরস্কার পেয়েছে স্মার্ট টেকনোলজিস। সম্প্রতি রাজধানীর একটি হোটেলে আয়োজিত এইচপি অ্যাচিভারস অ্যাওয়ার্ড সিরিমনিতে স্মার্ট টেকনোলজিসের পক্ষ থেকে



পুরস্কার গ্রহণ করেন প্রতিষ্ঠানটির মহাব্যবস্থাপক জাফর আহমেদ ও উপ-মহাব্যবস্থাপক মুজাহিদ আলবেরুনী সুজন। এইচপির পক্ষে প্রতিষ্ঠানটির সাউথ-ইস্ট এশিয়ার ম্যানেজিং ডিরেক্টর এনজি তিয়ান চং, এশিয়ান ইমাজিং কান্ট্রির জেনারেল ম্যানেজার অং সু সান ও কান্ট্রি ম্যানেজার ইমরুল হোসেন ভুঁইয়া পুরস্কারটি তুলে দেন ◆

## ভিউসনিক ব্র্যান্ডের নতুন ২২ ইঞ্চি এলইডি মনিটর



ইউসিসি বাজারে এনেছে আইপিএস প্রযুক্তিতে তৈরি ভিউসনিক ব্র্যান্ডের ভিএ২২৪৯এস মডেলের এলইডি মনিটর। এর অপটিক্যাল রেজ্যুলেশন ১৯২০ বাই ১০৮০ পিক্সেল ও রেসপন্স টাইম ৫ মিলি সেকেন্ড। রয়েছে ভিজিএ ও ডিভিআই পোর্ট। বিদ্যুৎসাশ্রয়ী এ মনিটরটি ওয়াল মাউন্টের মাধ্যমে দেয়ালে ঝুলিয়ে ব্যবহার করা যায়। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১ ◆

## বাজারে এলজির ১৮.৫ ইঞ্চির এলইডি মনিটর



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে এলজি ব্র্যান্ডের ১৯ইএন৩৩এস মডেলের নতুন এলইডি মনিটর। ১৮.৫ ইঞ্চির এলইডি প্যানেলের এ মনিটরটি ইপিইএটি গোল্ড সার্টিফায়েড। মনিটরটির রেজ্যুলেশন ১৩৬৬ বাই ৭৬৮ পিক্সেল, ডায়নামিক কন্ট্রাস্ট রেশিও ৫০০০০০০:১, রেসপন্স টাইম ৩.৫ মিলি সেকেন্ড, ডিসপ্লে কালার ১৬.৭ মিলিয়ন, ভিউয়িং অ্যাঙ্গেল ৯০ ডিগ্রি/৬৫ ডিগ্রি, ডি-সাব ইনপুট কানেক্টর প্রভৃতি। দাম ৭ হাজার ৭০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯২২ ◆

## জেন্ড পিএইচপি-৫.৩ কোর্সে ভর্তি

পিএইচপি-৫.৩ জেন্ড সার্টিফিকেশন কোর্সের প্রশিক্ষণ দিচ্ছে আইবিসিএস-প্রাইমেক্স। কোর্স সমাপ্তির পর জেন্ড সার্টিফায়েড ইঞ্জিনিয়ার সনদের জন্য অনলাইন পরীক্ষায় অংশ নিতে হয়। এতে ২০ শতাংশ ডিসকাউন্ট ভাউচার দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆

## বাজারে ট্রান্সসেন্ডের নতুন এসএসডি



ইউসিসি বাজারে এনেছে ট্রান্সসেন্ড ব্র্যান্ডের সাটা৩ ৬ জিবি/এস এমটিএস সিরিজের এম.২ এসএসডি। ৫১২ গিগাবাইটের উচ্চক্ষমতা, আল্ট্রা কমপ্যাক্ট সাইজ ও পরবর্তী প্রজন্মের সাটা৩ ৬ জিবি/এস ইন্টারফেসের এই এসএসডি বর্তমানের অত্যাধুনিক পোর্টেবল ডিভাইসের উপযোগী। বর্তমানে তিনটি মডেলের এম.২ এসএসডি বাজারে পাওয়া যাচ্ছে। এতে ডিভাইস স্লিপ মোড ও ইন্টেল স্মার্ট রেসপন্স প্রযুক্তি থাকায় ডিভাইসটি ব্যবহার না হলে স্বয়ংক্রিয়ভাবে অফ হয়ে যাবে। আবার প্রয়োজনে ২০ মিলি সেকেন্ডের মধ্যে পুনরায় কার্যকর করা যাবে। রয়েছে এরর কারেকশন কোড ও লেভেলিং ম্যানেজমেন্ট। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১ ◆

## বাজারে এমএসআই ব্র্যান্ডের গেমিং ৩ মাদারবোর্ড



ইউসিসি বাজারে এনেছে এমএসআই ব্র্যান্ডের জেড৯৭ গেমিং ৩ মাদারবোর্ড। ইন্টেল চতুর্থ ও পঞ্চম প্রজন্মের প্রসেসর ব্যবহারোপযোগী এই মাদারবোর্ডটি ডিডিআর৩-৩৩০০ র‍্যাম সমর্থন করে। রয়েছে সাউন্ড ব্লাস্টার সিনেমা ২, অডিও বুস্ট ২ প্রযুক্তি। কিলার ইথারনেট প্রযুক্তি থাকায় অনলাইন গেমিংয়ের বাধা দূর করবে। রয়েছে গার্ড প্রো সুবিধা। মাত্র ১ সেকেন্ডে ওভারক্লকিং করা যায়। গোল্ড প্লেটেড গেমিং ডিভাইস পোর্ট থাকায় তাতে মরিচা ধরবে না। এ ছাড়া সুপার চার্জার ড্রাগন হিটসিঙ্ক ও কুলিং ফ্যান স্পিড নিয়ন্ত্রণ করার মতো আরও অনেক ফিচার রয়েছে। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১ ◆

## ভিএমওয়্যার অথরাইজড ট্রেনিংয়ে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্স ও ইন্ডিয়ার জিটি এন্টারপ্রাইজ যৌথ উদ্যোগে ভিএমওয়্যার অথরাইজড ট্রেনিংটি জুলাই মাসে অনুষ্ঠিত হতে যাচ্ছে। ৪০ ঘণ্টার এ কোর্সটি পরিচালনা করবেন ভিএমওয়্যার কর্তৃক সার্টিফায়েডধারী অভিজ্ঞ প্রশিক্ষক। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭ ◆

## আসুসের অলরাউন্ডার নোটবুক বাজারে



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে আসুসের এক্স৪৫০এলসি মডেলের নতুন নোটবুক পিসি। ১.৬ গিগাহার্টজ গতির চতুর্থ প্রজন্মের ইন্টেল কোরআই-৫ প্রসেসরে চালিত নোটবুকটিতে রয়েছে এনভিডিয়া চিপসেটের ২ জিবি ভিডিও মেমরির ডেডিকেটেড গ্রাফিক্স, ৮ জিবি র‍্যাম, ১ টেরাবাইট হার্ডড্রাইভ, ডিভিডি রাইটার, ওয়েবক্যামসহ সব সুবিধা। দুই বছরের আন্তর্জাতিক বিক্রয়োত্তর সেবাসহ দাম ৫৫ হাজার টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৪২ ◆

## বাজারে এএম১ প্লাটফর্ম মাদারবোর্ড



ইউসিসি বাজারে এনেছে এমএসআই ব্র্যান্ডের নতুন এএম১ প্লাটফর্মের মাদারবোর্ড। মাদারবোর্ডগুলো বাজারে এএমডি ব্র্যান্ডের নতুন রূপে আসা অ্যাথলন ও স্যামপ্রন প্রসেসর উপযোগী করে ছাড়া হয়েছে। রয়েছে মিলিটারিক্লাস ৪, ফোরকে প্রযুক্তি, এইচডিএমআই, ডিভিআই, ডি-সাব পোর্ট সুবিধা। এটি ডিডিআর৩ র‍্যাম সমর্থন করে। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১ ◆

## স্মার্ট টেকনোলজিসের ঈদ অফার

ঈদুল ফিতর উপলক্ষে স্মার্ট টেকনোলজিস বিভিন্ন পণ্যে বিশেষ ঈদ অফার দিয়েছে। অফারের আওতায় গিগাবাইটের ৯ সিরিজের সব মডেলের মাদারবোর্ডের সাথে একটি করে আকর্ষণীয় ফুটবল, স্নাইপার সিরিজের যেকোনো মাদারবোর্ডের সাথে একটি টি-শার্ট ও ৬১ মাদারবোর্ডের সাথে একটি আকর্ষণীয় ওয়ালেট রয়েছে। অ্যাভিরা ইন্টারনেট সিকিউরিটি কিনলেই ক্রেতারা পাচ্ছেন একটি ওয়্যারলেস মাউস ও একটি টি-শার্ট। প্রতিটি তোশিবা স্যাটেলাইট সি৪০ এএমডি ডুয়ালকোর ল্যাপটপের সাথে ক্রেতারা পাচ্ছেন ১০০০ টাকার গিফট ভাউচার ও এইচপির প্রতিটি মডেলের ল্যাপটপেও থাকছে ৫০০ থেকে ১০০০ টাকার গিফট ভাউচার ◆

## বাজারে সাফায়ার আর৫ ২৩০ গ্রাফিক্স কার্ড



ইউসিসি বাজারে এনেছে সাফায়ার ব্র্যান্ডের আর৫ ২৩০ মডেলের ২ জিবির গ্রাফিক্স কার্ড। গ্রাফিক্স কার্ডটির মাধ্যমে গ্রাহকেরা পিসির গ্রাফিক্স সিস্টেম আপডেট করার পাশাপাশি একাধিক মনিটর ব্যবহার করতে পারবেন। ১৬০ স্ট্রিম প্রসেসরের গ্রাফিক্স কার্ডটির কোর ক্লকস্পিড ৬২৫ মেগাহার্টজ। আউটপুটের জন্য রয়েছে ডুয়াল লিঙ্ক ডিভিআই, ভিজিএ ও এইচডিএমআই পোর্ট। এএমডি স্ট্রিম টেকনোলজি ব্যবহৃত কার্ডটি ওপেনজিএল ৪.১ ও সর্বশেষ সংস্করণের উইন্ডোজ অপারেটিং সিস্টেম সমর্থন করে। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১-২৪ ◆

## বাজারে এক্সট্রিম ব্র্যান্ডের তিনটি স্পিকার



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে এক্সট্রিম ব্র্যান্ডের বেশ কয়েকটি মডেলের নতুন স্পিকার। এর মধ্যে রয়েছে এক্সট্রিম ই১২২ইউ, এক্সট্রিম ই১২৯ইউ ও এক্সট্রিম ই২০৯ইউ। এগুলোর দাম যথাক্রমে ২ হাজার, ১ হাজার ৭৫০ ও ৩ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৩৫৪৮০৭ ◆

## বাজারে ট্রান্সসেন্ডের জেএফ ৩৪০ ফ্ল্যাশড্রাইভ



ট্রান্সসেন্ড ব্র্যান্ডের জেএফ ৩৪০ মডেলের নতুন ফ্ল্যাশড্রাইভ বাজারে এনেছে ইউসিসি। এটি অ্যান্ড্রয়িড মোবাইল ও পিসিতে ব্যবহার করা যায়। রয়েছে ইজি টু গ্রিপ প্রযুক্তি। ফ্ল্যাশড্রাইভটি গতানুগতিক ব্লুটুথ এবং ওয়াই-ফাই থেকেও দ্রুতগতিতে ট্রান্সফার সুবিধা দেয়। ৪ জিবি, ১৬ জিবি, ৩২ জিবি ও ৬৪ জিবি আকারে বাজারে পাওয়া যাচ্ছে। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১ ◆

## বাজারে আসুসের ফোনপ্যাড সিরিজের ট্যাবলেট পিসি



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে আসুসের ফোনপ্যাড সিরিজের এফই১৭০সিজি মডেলের নতুন ট্যাবলেট পিসি। এতে রয়েছে থ্রিজি কলিং সুবিধাসহ ডুয়াল সিম ফিচার, অ্যান্ড্রয়িড ৪.৩ জেলিবিন অপারেটিং সিস্টেম ও ১.২ গিগাহার্টজ গতির ইন্টেল ডুয়াল কোর প্রসেসর। এ ছাড়া রয়েছে ১ জিবি র‍্যাম, ৮ জিবি ডাটা স্টোরেজ, ডুয়াল ওয়েবক্যাম, ওয়্যারলেস ল্যান, ব্লুটুথ ৪.০, সনিকমাস্টার অডিও ফিচার প্রভৃতি। সর্বোচ্চ ১০ ঘণ্টা ব্যাটারি ব্যাকআপের এ ট্যাবলেটটির দাম ১৪ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৯৭৭৪৭৬৪২২ ◆

## আইটিআইএল ২০১১ ফাউন্ডেশন কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে আইটিআইএল ২০১১ ফাউন্ডেশন প্রশিক্ষণ ও পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে। দুই দিনব্যাপী কোর্সটির দায়িত্বে থাকবেন ভারতীয় প্রশিক্ষক মহেশ পাণ্ডে। কোর্স শেষে অনলাইন পরীক্ষায় অংশ নেয়ার জন্য প্রস্তুতিমূলক পরীক্ষার ব্যবস্থা রয়েছে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭ ◆

## বাজারে ব্রাদার মাল্টিফাংশনাল কালার ইঙ্কজেট প্রিন্টার



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে ব্রাদার ব্র্যান্ডের এমএফসি-জে৩৫২০ মডেলের মাল্টিফাংশনাল কালার ইঙ্কজেট প্রিন্টার। এটি এ-থ্রি সাইজে রঙিন ও সাদা-কালো প্রিন্ট, কপি, ফ্যাক্স ও ডিরেক্ট ফটোপ্রিন্ট করতে পারে। এতে রয়েছে ২.৭ ইঞ্চি টাচ এলসিডি ডিসপ্লে, ওয়্যারলেস ও ইথারনেট সংযোগ সুবিধা, ২৫০ পৃষ্ঠা পেপার ইনপুট ট্রে প্রভৃতি ফিচার। এর সাদা-কালো ও রঙিন প্রিন্টের গতি যথাক্রমে ৩৫ ও ২৭ পিপিএম। দাম ৩০ হাজার টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৩০ ◆

## গিগাবাইট জি১ স্নাইপার বি৫ মাদারবোর্ড বাজারে



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে গিগাবাইট ব্র্যান্ডের জি১ স্নাইপার সিরিজের বি৫ মডেলের গেমিং মাদারবোর্ড। ইন্টেল ফোর্থ জেনারেশন প্রসেসর সমর্থিত এই মাদারবোর্ডটিতে রয়েছে গিগাবাইট আল্ট্রাডিউরেবল প্লাস টেকনোলজি, গিগাবাইট হাইব্রিড ডিজিটাল পাওয়ার ইঞ্জিন, গিগাবাইট ডুয়াল বায়োস টেকনোলজি, হাই-এন্ড অডিও ক্যাপাসিটর, অডিও নয়েজ গার্ড, মাল্টি জিপিইউ সাপোর্টসহ আকর্ষণীয় সব ফিচার। রয়েছে তিন বছরের বিক্রয়োত্তর সেবা। যোগাযোগ : ০১৭৩০৩১৭৭৬৮ ◆

## ভিউসনিক ব্র্যান্ডের ২২ ইঞ্চির টাচ মনিটর বাজারে



ইউসিসি বাজারে এনেছে ভিউসনিক ব্র্যান্ডের ২২ ইঞ্চির টাচ মনিটর টিডি২২২০-২। এতে টাচ, ড্র্যাগ, ম্যাপ পরিবর্তন করার সুবিধা থাকাতে ছবি, ডকুমেন্ট, ওয়েবপেজসহ অন্যান্য অ্যাপস মোবাইল ডিভাইসের মতো ব্যবহার করা যাবে। এর রেজ্যুলেশন ১৯২০ বাই ১০৮০ পিক্সেল, ডায়নামিক কন্ট্রাস্ট রেশিও ২০০০০০০:১ ও রেসপন্স টাইম ৫ মিলি সেকেন্ড। ইউএসবি দিয়েই বিভিন্ন ডিভাইস থেকে আউটপুট নেয়া যায়। রয়েছে ডিভিআই ও ভিজিএ পোর্ট। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১ ◆

## জার্মানির জয়ে অ্যান্টিভাইরাস জিতলেন ৫ জন

ব্রাজিল বিশ্বকাপ ফুটবলের ফাইনালে ১-০ গোলে জার্মানির বিশ্ব জয়ের সঠিক ফল পূর্বানুমান করায় পাঁচজন ফেসবুক ফ্যানকে পুরস্কৃত করেছে কমপিউটার সোর্স। ১৯ জুলাই বিজয়ীদেরকে একটি করে নরটন ইন্টারনেট সিকিউরিটি উপহার দেয়া হয়। পুরস্কারপ্রাপ্তরা হলেন ঢাকার তৌফিক




হিমেল, রাফসান অর্ণব, নূর মুহাম্মদ, পাবনার রওশন আরা ও চট্টগ্রামের আবু চৌধুরী। প্রসঙ্গত, বিশ্বকাপ ফুটবল ২০১৪ শুরুর প্রথম দিন থেকেই কমপিউটার সোর্সের অফিসিয়াল ফেসবুক পেজে এ প্রতিযোগিতা শুরু হয়। এতে অংশ নিয়ে প্রতিটি খেলার ফল পূর্বানুমান করে মোট ৬৫ জন বিজয়ী পেয়েছেন তাদের পছন্দের দলের অরিজিনাল পতাকা ◆

## সার্টিফায়েড ইথিক্যাল হ্যাকার কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে সার্টিফায়েড ইথিক্যাল হ্যাকার (সিইএইচ) সার্টিফিকেশন প্রশিক্ষণে শুক্রবারের ব্যাচে ভর্তি চলছে। ৪০ ঘণ্টার এ প্রশিক্ষণে নেটওয়ার্ক, সিস্টেম, ওয়েব, ভাইরাস, ফায়ারওয়াল, ওয়্যারলেস ওয়েব সার্ভার সিকিউরিটি এবং পেনিট্রেশন টেস্টিং প্রশিক্ষণ দেয়া হবে। পরীক্ষায় অংশ নেয়ার জন্য ১০০ শতাংশ ডিসকাউন্ট ভাউচার ও প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆

## বাজারে তোশিবার স্লিম পোর্টেবল হার্ডড্রাইভ



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে তোশিবা ক্যানভিও স্লিম টু ৩.০ মডেলের ১ টেরাবাইট পোর্টেবল হার্ডডিস্ক। ইউএসবি ৩.০ ইন্টারফেসসমৃদ্ধ আল্ট্রাস্লিম এই হার্ডডিস্কটিতে রয়েছে ৫ গিগাবিট পার সেকেন্ড ডাটা ট্রান্সফার স্পিড, ৮ মেগাবাইট ক্যাশ বাফার ও ৫৪০০ আরপিএম। এ ছাড়া রয়েছে অ্যাক্সেস অ্যান্ড শেয়ার, সিডিউল/অটোমেটিক ব্যাকআপ, পাসওয়ার্ড প্রটেকশন ও রিমোট অ্যাক্সেস সুবিধা। তিন বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ৭ হাজার টাকা। যোগাযোগ : ০১৭৩০৩৫৪৮০১

## বাজারে ট্রান্সসেন্ডের ওয়্যারলেস পোর্টেবল ড্রাইভ



ইউসিসি বাজারে এনেছে ট্রান্সসেন্ডের স্টোরজেট ক্লাউড ওয়্যারলেস পোর্টেবল ড্রাইভ। এটি ব্যবহারকারীদের স্ট্রিমিং সুবিধাসহ অতিরিক্ত ১২৮ জিবি ওয়্যারলেস স্টোরেজ সুবিধা দেবে। অ্যাপল, কিন্ডল ফায়ার ইত্যাদি ডিভাইস ব্যবহারকারীরা অতিরিক্ত এই স্টোরেজ সুবিধা পাবেন। এর মাধ্যমে পাঁচটি ডিভাইস একসাথে সংযুক্ত করা যায়। সহজেই ফাইল ম্যানেজমেন্ট ছাড়াও এর ওয়াই-ফাই হটস্পট থেকে বিভিন্ন ডিভাইসে ইন্টারনেট ছড়িয়ে দেয়া যায়। রয়েছে ডাটা নিরাপত্তা সুবিধা। যোগাযোগ : ০১৮৩৩৩১৬০১-২৪

## ডেল ল্যাপটপে ঈদ উপহার



ঈদে ডেল ল্যাপটপের সাথে গিফট ভাউচার দিচ্ছে কমপিউটার সোর্স। অফারের আওতায় কমপিউটার সোর্সের যেকোনো আউটলেটে কিংবা অনুমোদিত বিক্রয়কেন্দ্র থেকে ডেল ব্র্যান্ডের যেকোনো ল্যাপটপ কিনলেই একটি গিফট ভাউচার পাবেন ক্রেতারা। এই গিফট ভাউচার নিয়ে আগোরা থেকে কেনাকাটা করা যাবে। ডেল ইন্সপায়রন, স্টুডিও এক্সপিএস এবং ভস্ত্রো মডেলের ডুয়াল কোর থেকে শুরু করে কোরআই৭ পর্যন্ত প্রায় অর্ধশত ভিন্ন ভিন্ন কনফিগারেশনের ল্যাপটপ দেশের বাজারে পরিবেশন করে কমপিউটার সোর্স

## রেডহ্যাট লিনআক্স-৬ কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে রেডহ্যাট লিনআক্স-৬ কোর্সে শুক্র ও শনিবারের ব্যাচে ভর্তি চলছে। ৯০ ঘণ্টার এই কোর্সে সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন, নেটওয়ার্ক ও সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন এবং সার্ভার কনফিগারেশন প্রশিক্ষণ ও কোর্স শেষে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮

## বাজারে এএমডির নতুন এপিইউ সিরিজ ‘কাভেরি’



ইউসিসি বাজারে এনেছে এএমডির নতুন এপিইউ সিরিজ ‘কাভেরি’। মাল্টিকোর সিপিইউ ও এএমডি রেডিয়ন গ্রাফিক্সের সমন্বয়ে তৈরি করা হয়েছে কাভেরি এপিইউ। এতে স্টিমরোলার প্রযুক্তি, ২৮ ন্যানোমিটার প্রযুক্তি ব্যবহার করার পাশাপাশি ৮৫ ভাগ বেশি ট্রানজিস্টর সংযোজন করা হয়েছে। ফলে আগের সিরিজগুলো থেকে ২৬ ভাগ বেশি পারফরম্যান্স দেবে। এ১০-৭৮৫০কে ও এ১০-৭৭০০কে নামে দুটি মডেল ছাড়া হয়েছে। যোগাযোগ : ০১৮৩৩৩১৬০১-২৪

## এইচপি পণ্যে ঈদ হই হুল্লোড় অফার

ঈদুল ফিতর উপলক্ষে এইচপি পণ্যে ‘ঈদ হই হুল্লোড়’ উপহার দিচ্ছে কমপিউটার সোর্স। এইচপি নোটবুক, ডেস্কটপ, ওয়ার্কস্টেশন, প্রিন্টার, কালি এবং টোনারের সাথে শুধু গ্রাহক পর্যায়ে এ অফার দেয়া হচ্ছে। এ অফারে স্টক থাকা পর্যন্ত এইচপি এলিটবুক ও জেডবুকের সাথে ১০০০ টাকার গিফট ভাউচার পাবেন ক্রেতারা। এ ছাড়া এইচপি





প্যাভিলিয়ন ও প্রোবুক এবং এইচপি লেজার জেড প্রিন্টারের সাথে ৭০০ টাকার, কোরআই৩ পর্যন্ত নোটবুক, সিপিসি, ওয়ার্কস্টেশন এবং ডেস্কটপ পিসিতে ৫০০ টাকার গিফট ভাউচার দেয়া হচ্ছে। এর বাইরে এইচপি ইঙ্কজেড প্রিন্টার ও টোনারের সাথে বাড়তি ৩০০ টাকার গিফট ভাউচারও রয়েছে। এইচপি কার্ট্রিজ কিনলে উপহার দেয়া হচ্ছে আকর্ষণীয় একটি গ্লাস

## আসুসের নতুন গেমিং গ্রাফিক্স কার্ড বাজারে



আসুসের আর৯ ২৯০এক্স-৪জিডি৫ মডেলের গ্রাফিক্স কার্ড বাজারে এনেছে গ্লোবাল ব্র্যান্ড। এতে রয়েছে এএমডি রেডিয়ন আর৯ ২৯০এক্স গ্রাফিক্স ইঞ্জিন, ৪ জিবি ভিডিও মেমরি, ডিভিআই আউটপুট, এইচডিএমআই, ডিসপ্লে পোর্ট প্রভৃতি। আইফিনিটি প্রযুক্তিতে এতে ছয়টি ডিসপ্লে একত্রে ব্যবহার করা যায়। হাই-এন্ড গ্রাফিক্স কার্ডের দাম ৫৫ হাজার টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৩৮

## বাজারে লেনোভোর ইয়োগা ৮ থ্রিজি ট্যাবলেট



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে লেনোভোর ইয়োগা ৮ মডেলের থ্রিজি ট্যাবলেট পিসি। এটি তিনটি মোডে পরিবর্তন করে ব্যবহার করা যায় এবং সর্বোচ্চ ১৮ ঘণ্টা ব্যাটারি ব্যাকআপ পাওয়া যায়। ট্যাবলেটটি অ্যান্ড্রয়িড জেলিবিন ৪.২.২ মোবাইল অপারেটিং সিস্টেম প্লাটফর্মের ও ১.২ গিগাহার্টজ এমটি৮১২৫ কোয়াড কোর প্রসেসর চালিত। রয়েছে থ্রিজি, ৮ ইঞ্চির ১২৮০ বাই ৮০০ পিক্সেল রেজ্যুলেশনের মাল্টিটাচ আইপিএস ডিসপ্লে, ১ জিবি র‌্যাম, ১৬ জিবি ডাটা স্টোরেজ ডিভাইসসহ প্রয়োজনীয় সব সুবিধা। দাম ২৬ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৯৭৩২৫৭৯২৫

## অ্যাভিরা পণ্যে ঈদ উপহার



অ্যাভিরা ইন্টারনেট সিকিউরিটির সাথে বিশেষ ঈদ অফার ঘোষণা করেছে স্মার্ট টেকনোলজিস। অফারের আওতায় প্রতিটি অ্যাভিরা ইন্টারনেট সিকিউরিটি কিনলেই ক্রেতারা পাবেন একটি ওয়্যারলেস মাউস ও একটি টি-শার্ট সম্পূর্ণ ফ্রি। অফারটি ঈদের পরও পরবর্তী ঘোষণা না দেয়া পর্যন্ত চলবে। যোগাযোগ : ০১৭৩০৩১৭৭২৩

## রেডহ্যাট সার্ভার হার্ডেনিং প্রশিক্ষণে ভর্তি

দেশে প্রথমবারের মতো আইবিসিএস-প্রাইমেক্সে রেডহ্যাট সার্ভার হার্ডেনিং প্রশিক্ষণে ভর্তি চলছে। ৩২ ঘণ্টার কোর্সটির প্রশিক্ষণের দায়িত্বে থাকবেন রেডহ্যাট ইন্ডিয়ার অভিজ্ঞ প্রশিক্ষক। কোর্স শেষে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮

## বাজারে আসুসের ম্যাক্সিমাস-৭ রেঞ্জার মাদারবোর্ড



আসুসের ম্যাক্সিমাস-৭ রেঞ্জার মডেলের নতুন মাদারবোর্ড বাজারে এনেছে গ্লোবাল ব্র্যান্ড। আরওজি সিরিজের ইন্টেল জেড৯৭ চিপসেটের এই মাদারবোর্ডটিতে ইন্টেল এলজিএ১১৫০ সকেটের আসন্ন পঞ্চম প্রজন্ম, নতুন চতুর্থ প্রজন্ম বা চতুর্থ প্রজন্মের কোরআই-৭, কোরআই-৫ ও কোরআই-৩ প্রভৃতি প্রসেসর ব্যবহার করা যায়। এতে প্রতি সেকেন্ডে সর্বোচ্চ ১০ গিগাবাইট পাওয়া যায়। রয়েছে ইন্টেল ইথারনেট, ল্যানগার্ড ও গেমফার্স্ট-৩ ফিচার, বিল্ট-ইন গ্রাফিক্স প্রসেসর, এনভিডিয়া কোয়াড-জিপিইউ এসএলআই ও এএমডি কোয়াড-জিপিইউ ক্রসফায়ারএক্স ইত্যাদি। মাদারবোর্ডটির দাম ১৯ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৩৮

## ২৭ হাজার টাকায় এইচপি ল্যাপটপ



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে এইচপি ব্র্যান্ডের ১৪-ডি০০৮এইউ মডেলের ল্যাপটপ। এএমডি ই১-২১০০ মডেলের প্রসেসর ছাড়াও এ ল্যাপটপে রয়েছে ২ জিবি ডিডিআর৩ র‍্যাম, ৫০০ জিবি হার্ডডিস্ক, ১৪.১ ইঞ্চি এইচডি এলইডি ডিসপ্লে, ওয়েবক্যাম, ওয়াই-ফাই ও ডিভিডি রাইটার। এক বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ২৭ হাজার টাকা। যোগাযোগ : ০১৭৩০৭০১৯১০

## ভিভিটেকের এইচডি পকেট প্রজেক্টর বাজারে



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে ভিভিটেক ব্র্যান্ডের কিউমি কিউ২ মডেলের এইচডি পকেট প্রজেক্টর। মাত্র ৬১৭ গ্রাম ওজনের হালকা-পাতলা গড়নের এ পকেট প্রজেক্টরটিতে রয়েছে ডিএলপি লিঙ্ক প্রযুক্তি এবং পিকো চিপসেট। তাই এটি থ্রিডি-রেডি প্রজেক্টর। এর ব্রাইটনেস ৩০০ লুমেন্স, কন্ট্রাস্ট রেশিও ২৫০০:১, এলইডি টাইপের ল্যাম্প লাইফ ৩০ হাজার ঘণ্টা। প্রজেক্টরটিকে ডিজিটাল ক্যামেরা, ল্যাপটপ, স্মার্টফোন, ট্যাবলেট পিসিতে ব্যবহার করা যায়। দাম ৩৯ হাজার টাকা। যোগাযোগ : ০১৯৭৭৪৭৬৪৫৯

## ডাটাবেজ সফটওয়্যার ওরাকল প্রশিক্ষণ

আইবিসিএস-প্রাইমেক্সে ওরাকল ১০জি ডিবিএ অ্যান্ড ডেভেলপার ভেন্ডর সার্টিফিকেশন কোর্সে শুক্র ও শনিবারের ব্যাচে ভর্তি চলছে। অভিজ্ঞ প্রশিক্ষকদের তত্ত্বাবধানের এই কোর্স শেষ করে প্রশিক্ষণার্থীরা বিভিন্ন ব্যাংক, বীমা ও বহুজাতিক কোম্পানিতে চাকরির সুযোগ পাবেন। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮

## বাজারে ডব্লিউটি সার্ভেইলেন্স হার্ডডিস্ক



দেশের বাজারে নজরদারি প্রযুক্তির হার্ডডিস্ক এনেছে কমপিউটার সোর্স। ডব্লিউডি ব্র্যান্ডের পারপেল সিরিজেই এ হার্ডডিস্কটি ডিভিআর ও পিসি উভয় সিস্টেমেই চলে। এতে ৩২টি ক্যামেরা ব্যবহার করা যায়। নিরবচ্ছিন্নভাবে দশ লাখ ঘণ্টা পর্যন্ত রেকর্ড করতে সক্ষম এ ইন্টারনাল হার্ডডিস্কের ধারণক্ষমতা ২ টেরাবাইট। ৮ হাজার ২০০ টাকায় ডব্লিউডি পার্পেল হার্ডড্রাইভটির সাথে রয়েছে তিন বছরের বিক্রয়োত্তর সেবা। এ ছাড়া দ্রুততম সময়ে সেবা নিশ্চিত করতে এবং অরিজিনাল হার্ডডিস্ক হিসেবে এর মোড়কে রয়েছে 'বাই-৪৮' ভেরিভাই সাইন। যোগাযোগ : ০১৭১৩৩৬৫২০০

## লেনোভোর নতুন মাল্টিমিডিয়া ল্যাপটপ বাজারে



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে লেনোভোর জি৪০৫ মডেলের মাল্টিমিডিয়া ল্যাপটপ। ১৪ ইঞ্চির এ ল্যাপটপটি ১.৫ গিগাহার্টজ গতির এএমডি কোয়াড কোর প্রসেসর চালিত। রয়েছে ২ জিবি ভিডিও মেমরির এএমডি রেডিয়ন চিপসেটের গ্রাফিক্স, ৪ জিবি র‍্যাম, ডিভিডি রাইটার, ওয়েবক্যাম, বিল্ট-ইন স্পিকার, এইচডি অডিও, ১ টেরাবাইট হার্ডডিস্কসহ অন্যান্য সুবিধা। দাম ৪০ হাজার টাকা। যোগাযোগ : ০১৯৭৭৪৭৬৫০১

## ঈদে ৬৫০ টাকায় গেমিং মাউস



ঈদের ছুটিতে কমপিউটার গেম খেলার দারুণ সুবিধা দিতে নতুন গেমিং মাউস বাজারে এনেছে কমপিউটার সোর্স। প্রোলিংক ইভোটিস অ্যালুমিনেটেড গেমিং মাউসটির রয়েছে চারটি ডিপিআই। একেকটি ডিপিআই নির্দিষ্ট করতে রয়েছে ভিন্ন ভিন্ন রং। এর সর্বোচ্চ অপটিক্যাল সেন্সর ২৪০০ ডিপিআই। রয়েছে স্ক্রল হুইল, ব্যাকওয়ার্ড ও ফরোয়ার্ড বাটন। এক বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ৬৫০ টাকা

## টারগাস ব্র্যান্ডের ব্যাকপ্যাক বাজারে



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে টারগাস ব্র্যান্ডের বেশ কয়েকটি মডেলের আকর্ষণীয় ব্যাকপ্যাক। ১৫.৬ ইঞ্চি ও ১৬ ইঞ্চি ল্যাপটপ রাখার উপযোগী এই ব্যাগগুলোতে রয়েছে ডেডিকেটেড অ্যাডভান্সড ওয়ার্কস্টেশন, যাতে একগুচ্ছ কলম ও কার্ড হোল্ডার রাখা যায়। অতিরিক্ত কাগজপত্র রাখার জন্য রয়েছে পৃথক পকেট। ব্যাগগুলোর দাম ১ হাজার ৩৫০ থেকে ৩ হাজার টাকা পর্যন্ত। যোগাযোগ : ০১৭৩০৩৫৪৮৫৩

## বাজারে এএমডির স্যামপ্রন ও অ্যাথলন প্রসেসর



ইউসিসি বাজারে এনেছে এএমডি ব্র্যান্ডের স্যামপ্রন ও অ্যাথলন প্রসেসর। কোয়াড কোর সুবিধার স্যামপ্রন ও অ্যাথলন সিরিজের প্রসেসরগুলো হলো অ্যাথলন ৫৩৫০, অ্যাথলন ৫১৫০, স্যামপ্রন ৩৮৫০ ও স্যামপ্রন ২৫৫০। রয়েছে দুটি সাটা ৬ পোর্ট, দুটি ইউএসবি ৩.০ পোর্ট, পিসিআই এক্সপ্রেস ২.০ গ্রাফিক্স কার্ড এবং তিনটি ভিডিও আউটপুট সুবিধা। প্রসেসরটি ডিরেক্ট এক্স ১১.২ ও উইন্ডোজ ৮.১ সাপোর্ট করে। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১-২৪

## সেলফি তুলতে প্রোলিংক ফটো অনিক্স



ট্যাব ও স্মার্টফোন থেকে সেলফি ও উইফি তুলতে অভিনব স্মার্টফোন ক্যামেরা রিমোট দেশের বাজারে এনেছে কমপিউটার সোর্স। ব্লুটুথ ৪-এর মাধ্যমে আইওএস ও অ্যান্ড্রয়িড স্মার্টফোনকে যুক্ত করে এই 'প্রোলিংক ফটো অনিক্স' ডিভাইসটির মাধ্যমে ৩০ মিটার দূরত্বের মধ্যে সেলফি ও উইফি ছবি তুলতে পারবেন ব্যবহারকারীরা। মাত্র এক ক্লিকেই আটটি ডিভাইসের সাথে সংযুক্ত করা যায় এই পরিধেয় ডিভাইসটি। এক বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ১২০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০০০০২৭৯

## বাজারে টুইনমসের ৭ ইঞ্চির থ্রিজি ট্যাব



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে টুইনমস টি৭২৮৩জিডি১ মডেলের থ্রিজি ট্যাবলেট পিসি। অ্যান্ড্রয়িড ৪.১ জেলিবিন অপারেটিং সিস্টেমের এই ট্যাবলেটে রয়েছে ৭ ইঞ্চি আইপিএস ডিসপ্লে (১০২৪ বাই ৬০০ পিক্সেল), ১ জিবি ডিডিআরথ্রি র‍্যাম, ৮ জিবি মেমরি, ২ মেগাপিক্সেল ব্যাক ক্যামেরা, ০.৩ মেগাপিক্সেল ফ্রন্ট ক্যামেরা, থ্রিজি কলিং, ওয়াইফাই, ব্লুটুথ ৪.০ ও জিপিএস সুবিধা। ঈদ অফারে এই ট্যাবলেটের সাথে উপহার হিসেবে থাকছে একটি কিবোর্ড সংযুক্ত ক্যারিকেস। এক বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ১২ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৩৫৪৮৭২

## পিএইচপি ও মাই এসকিউএল কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে প্রফেশনাল পিএইচপি কোর্সে ভর্তি চলছে। ৯০ ঘণ্টার এ কোর্সে দুটি রিয়েল লাইফ প্রজেক্ট থাকবে। এতে অ্যাজাক্স, জেকোয়ারি, জুমলা, ওয়ার্ডপ্রেস ও অ্যাডভান্স অবজেক্ট অরিয়েন্টেড টেকনিক শেখানো হবে। যোগাযোগ : ০১৭১৩৩-৯৭৫৬৭-৮

## আসুসের ডুয়াল ব্যান্ড ওয়্যারলেস রাউটার বাজারে



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে আসুসের আরটি-এন৬৬ডব্লিউ মডেলের নতুন ডুয়াল ব্যান্ড ওয়্যারলেস রাউটার। এটি সর্বোচ্চ ৯০০ মেগাবাইট পার সেকেন্ড ডাটা দেয়া-নেয়া করতে পারে। রয়েছে একটি গিগাবাইট ওয়্যান পোর্ট, চারটি গিগাবাইট ল্যান পোর্ট ও দুটি ইউএসবি পোর্টসহ সব সুবিধা। দাম ১১ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৫৩